

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা- ১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- এলজিইডি/সিই/পরিকল্পনা/জি- ০৩(অংশ- ১)/২০১৬/৭৫০

তারিখঃ ১২/০১/১৪২৬ বাং।  
০২/০৫/২০১৯ খ্রিঃ।

## অফিস আদেশ

আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় ত্রুবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় 'ফণি' ক্রমশ আরও ঘনীভূত হয়ে উত্তর/উত্তর পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। আগামী ৪ মে ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে 'ফণি' বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে (সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, গোপালগঞ্জ, যশোর, ঝালকাঠি, লক্ষ্মীপুর, নড়াইল, নোয়াখালী, পিরোজপুর, শরীয়তপুর ও পটুয়াখালী) আঘাত হানতে পারে। এ প্রেক্ষিতে দেশের উপকূলীয় জেলাসমূহে দুর্যোগ মোকাবেলায় ব্যাপক প্রস্তুতি নেওয়া হচ্ছে। এমতাবস্থায়, দুর্যোগকালীন সময়ে দেশব্যাপী পল্লি সড়ক নেটওয়ার্ক নিরাপদ ও নিরবিচ্ছিন্ন রাখতে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে উপকূলীয় জেলাসমূহে কর্মরত এলজিইডি'র সকল কর্মকর্তা/কর্মচারীর দুর্যোগকালীন অবস্থা স্বাভাবিক না হওয়া পর্যন্ত সব ধরনের ছুটি বাতিল করা হলো। নির্দেশাবলী নিম্নরূপঃ

- দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্রসমূহে/নিরাপদস্থানে দ্রুত ও নিরাপদে পৌঁছানোর জন্য আশ্রয়কেন্দ্র সংযোগকারী সড়কসহ দেশব্যাপী পল্লিসড়ক নেটওয়ার্ক মসৃণ ও নিরবিচ্ছিন্ন রাখতে হবে।
- উপজেলা/ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনা করে সকল আশ্রয়কেন্দ্রে বিগুন্ধ পানি, সৌর বিদ্যুৎ ও পয়ঃব্যবস্থাপনা সচল রাখা
- ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় অবস্থিত রাস্তাসমূহ জলোচ্ছাসের পানিতে দীর্ঘদিন নিমজ্জিত থাকায় Sub-grade সহ রাস্তার বিভিন্ন স্তর নরম হয়ে যায়। এতে করে পানি নেমে যাওয়ার সাথে সাথে এর উপর দিয়ে ভারী যানবাহন চলাচল করলে রাস্তার উপরিতল অতি সহজেই নষ্ট হয়ে যায় বিধায় রাস্তার স্থায়িত্ব কমে যায়। উক্ত অবস্থায় রাস্তার প্রবেশ পথে ভারী যানবাহন প্রবেশ রোধকল্পে, প্রতিবন্ধকতা (যেমন- খুঁটি পুঁতে রাখা, সাইন বোর্ড স্থাপন ইত্যাদি) ব্যবস্থা করা যায়। তাহলে রাস্তার ক্ষয়ক্ষতি অনেক কমে যাবে।
- সড়কের জরুরী রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় সকল যানবাহন চালু অবস্থায় ( ট্রাক, পিকআপ ইত্যাদি) ড্রাইভারসহ কর্মস্থলে রাখতে হবে।
- প্রয়োজনীয় নির্মাণ যন্ত্রপাতি যেমন বুলডোজার, এক্সভেটর ইত্যাদি চালু অবস্থায় রাখতে হবে এবং বাড়ে পড়ে যাওয়া গাছ কাটার প্রয়োজনীয় যন্ত্রপাতি তৈরি রাখতে হবে যেন ঘূর্ণিঝড়ের পর সাথে সাথে ব্যবহার করা যায়।
- জেলা প্রশাসনের কন্ট্রোল রুম এবং জেলা প্রশাসক, পুলিশ সুপারের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করতে হবে।
- সদর দপ্তরে পিএমই ইউনিটে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। প্রয়োজনে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএমই/ পরিকল্পনা) (মোবাইল নম্বর- ০১৭১১-৮৫৮৫৬০, ০১৭১৫- ৩৫০৭২৩) এর সাথে যোগাযোগ করা যাবে।
- জলোচ্ছাস/বর্ষার আপদকালীন সময় রাস্তায় যে কোন জায়গায় বা অংশে যে কোন সময় ক্ষতিগ্রস্ত বা ভেঙ্গে গিয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যেতে পারে। এলজিইডি'র 'পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা'- তে আপদকালীন জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য বিভিন্ন নির্দেশনা আছে। উক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আবুল কালাম আজাদ)  
প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২- ৯১২৪০২৭

ই- মেইলঃ ce@lged.gov.bd

### অনুলিপিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (খুলনা/বরিশাল/চট্টগ্রাম বিভাগ), এলজিইডি [ দুর্যোগ ব্যবস্থাপনায় সামগ্রিক সমন্বয় করবেন।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা/যশোর/বরিশাল/পটুয়াখালী/চট্টগ্রাম/কুমিল্লা/নোয়াখালী অঞ্চল, এলজিইডি। [নির্বাহী প্রকৌশলীগণকে এতদসংক্রান্ত ব্যাপারে সার্বিক সহযোগিতা করবেন]
- ৩। নির্বাহী প্রকৌশলী (জেলাঃ.....), এলজিইডি [উপর্যুক্ত নির্দেশাবলী প্রতিপালন করবেন।